

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৬৭.২০১৪-

তারিখঃ ----- খ্রিঃ।

আদেশ

যেহেতু, জনাব মোঃ নাছির খান, অফিস সহায়ক, যুব উন্নয়ন অধিদপ্তর, দক্ষিণ সুনামগঞ্জ; পূর্ববর্তী কর্মস্থল সুনামগঞ্জ জেলা কার্যালয়ে কর্মকালীন ২০-৩-২০১৪ খ্রিঃ তারিখ উক্ত কার্যালয়ের নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত 'নিরাপত্তা প্রহরী' জনাব মোঃ জয়নাল আবেদীন ভূইয়ার সাথে রান্নার বিষয় নিয়ে সশরীরে মারামারিতে লিপ্ত হওয়ার অভিযোগে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মতে অত্র দপ্তরের ২৫-০৯-২০১৪ খ্রিঃ তারিখের ৩২১ সংখ্যক স্মারকে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করা হয়;

০২। যেহেতু, তিনি উক্ত মামলায় আনীত অভিযোগের বিষয়ে লিখিতভাবে জবাব দাখিল করেন এবং তার আবেদনের প্রেক্ষিতে গত ১০-১২-২০১৪ খ্রিঃ তারিখ ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং নথি পর্যালোচনায় অভিযোগসমূহের বিষয়ে তদন্তের প্রয়োজন অনুভূত হওয়ায় বিধি মোতাবেক বিভাগীয় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। সে মোতাবেক তদন্ত কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে হাতাহাতি/মারামারির অভিযোগ প্রমানিত মর্মে উল্লেখ করা হয়।

০৩। যেহেতু, বিভাগীয় মামলার জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি দেয়ার সুযোগ নেই। কর্মস্থলে হাতাহাতি/মারামারির অসদাচরণের পর্যায়ভুক্ত বিধায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগে তাকে দোষী সাব্যস্ত করা হলো। তিনি একজন নিম্ন বেতনস্কেলভুক্ত কর্মচারী হওয়ায় তাকে সংশোধনের সুযোগ দেয়া প্রয়োজন বলে প্রতীয়মান হয়। সে নিরিখে তাকে গুরুদণ্ড না দিয়ে একই বিধিমালার ৪(২) বিধি মোতাবেক লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

এক্ষণে, সেহেতু সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধিতে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(বি) বিধি মতে অফিস সহায়ক জনাব মোঃ নাছির খান-কে তার ০১(এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিতকরণ দণ্ডে দণ্ডিত করা হলো ;

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন : ৯৫৫৯৩৮৯

তারিখঃ ২৬/২/১৭ খ্রিঃ।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৬৭.২০১৪- ৪৪

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সুনামগঞ্জ।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। পত্রটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সুনামগঞ্জ।
- ০৪। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-পত্রটি সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জ।
- ০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, দক্ষিণ সুনামগঞ্জ-কে অভিযুক্তের বিরুদ্ধে আরোপিত শাস্তি তার চাকুরি বহিতে লাল কালিতে লিপিবদ্ধ করতে নির্দেশ দেয়া হলো।
- ০৭। জনাব মোঃ নাছির খান, অফিস সহায়ক, যুব উন্নয়ন অধিদপ্তর, দক্ষিণ সুনামগঞ্জ।
- ০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৯। অফিস কপি।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক(শৃঙ্খলা)
ফোন : ৯৫৫১৮৫৯